বিদ্যুৎ বিভাগ এবং এর আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর, সংস্থা ও কোম্পানিসমূহ বিদ্যুতের দক্ষ ও সাশ্রয়ী ব্যবহারে জনসচেতনতা সৃষ্টি করে থাকে। বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি ব্যবহারে জনগণ ও বিভিন্ন পর্যায়ের প্রতিষ্ঠানসমূহকে উৎসাহিত করা হচ্ছে। এ প্রেক্ষাপটে ১৫% বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগ কর্তৃক একটি কর্ম-পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। এ কর্মপরিকল্পনাটি বাস্তবায়ন করা সম্ভব হলে ১৫% পর্যন্ত বিদ্যুৎ সাশ্রয় করা সম্ভব হতে পারে।

## ১৫% বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে কর্ম-পরিকল্পনা

| বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্র | বিদ্যুৎ সাশ্রয়ে করণীয় |
|---|---|
| লাইটিং | বিদ্যুৎ সাশ্রয়ী LED বাল্ব ব্যবহার করা এবং কক্ষের আকৃতি অনুসারে নির্ধারিত লাক্সের বাতি ব্যবহার করা। |
| | প্রয়োজনের অতিরিক্ত লাইটের ব্যবহার হতে বিরত থাকা এবং অপ্রয়োজনে লাইট বন্ধ রাখা। |
| | বৈদ্যুতিক বাল্বের উপরিভাগে ধুলাবালি জমলে এর উজ্জ্বলতা কমে যায় বিধায় বাল্বসহ লাইটিং সিস্টেম নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা। |
| | দিনের আলোর (ডে-লাইট) সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে প্রয়োজনে কক্ষের আসবাবপত্র পুনঃর্বিন্যস্ত করা। |
| ফ্যান | Energy Rating অনুযায়ী আধুনিক প্রযুক্তির বিদ্যুৎ সাশ্রয়ী ফ্যান ব্যবহার; |
| | অপ্রয়োজনে ফ্যান বন্ধ রাখা; |
| টেলিভিশন, ওভেন, ওয়াশিং মেশিন, ব্লেন্ডার ইত্যাদি | নিত্য প্রয়োজনে ব্যবহৃত টিভি, ওভেন, ওয়াশিং মেশিন, ব্লেন্ডার ইত্যাদির এনার্জি রেটিং দেখে ক্রয় ও ব্যবহার করা। অপ্রয়োজনে এ সকল যন্ত্রপাতির সুইচ বন্ধ রাখা। |
| কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার | কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার ইত্যাদির ব্যবহার করা হয় না এমন সময় সুইচ বন্ধ রাখা বা প্রযোজ্য ক্ষেত্রে স্লিপ মুডে রাখা। |
| রেফ্রিজারেটর | গরম খাবার ঠান্ডা করার পর রেফ্রিজারেটরে সংরক্ষণ করা। |
| | পুরনো/অকেজো রেফ্রিজারেটরের পরিবর্তে প্রয়োজন হলে ইনভার্টার টেকনোলজিযুক্ত বিদ্যুৎ সাশ্রয়ী রেফ্রিজারেটর ক্রয় করা। |
| শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র | এসির তাপমাত্রা ২৫°C বা তার উপরে রাখা (কারণ প্রতি ১ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা বাড়ালে ১০ শতাংশ বিদ্যুৎ সাশ্রয় করা যায়)। প্রয়োজনে দীর্ঘক্ষণ ধারাবাহিকভাবে এসি ব্যবহার না করা। এছাড়া শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের দক্ষ ব্যবহারের লক্ষ্যে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ও ফ্যান একসাথে চালিয়ে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের তাপমাত্রা ২৫°C এর অধিক রাখা যেতে পারে। |
| | শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র সাশ্রয়ী ও দক্ষভাবে ব্যবহার করতে এবং সর্বাধিক স্বস্তি নিশ্চিত করতে কক্ষের দরজা-জানালাসহ বায়ু চলাচল স্থান যতদূর সম্ভব বন্ধ রাখা (যেমন: দরজার নিচ, ভেন্টিলেটর ইত্যাদি)। |
| | তাপপ্রবাহ রোধে কক্ষের পূর্বদিকের জানালার পর্দা সকাল ১০:০০ টা পর্যন্ত এবং পশ্চিম দিকের জানালার পর্দা দুপুর ২:০০ টার পর থেকে নামিয়ে রাখা, এতে কক্ষ অপেক্ষাকৃত ঠান্ডা থাকবে। |
| | শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র প্রতিবছর কমপক্ষে একবার সার্ভিসিং করা। |
| | পুরনো/অকেজো শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র পরিবর্তনের প্রয়োজন হলে ইনভার্টার টেকনোলজিযুক্ত বিদ্যুৎ সাশ্রয়ী শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ক্রয় করা। |
| গিজার | পানি গরমের ক্ষেত্রে গিজার কম সময় ব্যবহার করা। উদাহরণস্বরূপ, গিজার সর্বক্ষণ না চালিয়ে রেখে গোসল করার অর্ধঘন্টা পূর্বে গিজার চালু করা। |
| পানির পাম্প ও ট্যাপ | বাসা-বাড়ির পানি উত্তোলনের জন্য Energy Rating অনুযায়ী বিদ্যুৎ সাশ্রয়ী পানির পাম্প ব্যবহার (প্রয়োজনে পানির ট্যাঙ্ক ব্যবহার)। পানির সাশ্রয়ী ব্যবহার নিশ্চিত করা যেমন: ব্রাশ, শেভ করার সময় পানির ট্যাপ খুলে না রাখা এবং গোসলের সময় ঝর্ণা ব্যবহার করা ইত্যাদি। |
| ইস্ত্রি | বৈদ্যুতিক ইস্ত্রির ব্যবহার সীমিত করা। |

চলমান পাতা-২

| বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্র | বিদ্যুৎ সাশ্রয়ে করণীয় |
|---|---|
| শিল্প খাতে ফার্নেস অয়েল, কো-জেনারেশন, বয়লার ইত্যাদি | অনুমোদিত লোডের মধ্যে পিক ও অফ-পিক আওয়ার বিবেচনা করে বিদ্যুৎ ব্যবহার এবং পিক ও অফ-পিক মিটারের ব্যবহার নিশ্চিতকরণ। |
| | স্টীল মিল/রি-রোলিং মিলের ফার্নেস অয়েলের দক্ষতা বৃদ্ধি করা। |
| | কো-জেনারেশন উৎসাহিতকরণ। |
| | বৈদ্যুতিক যন্ত্রপাতির স্টার লেভেলিং কার্যক্রম গ্রহণ করা। |
| | বয়লারের দক্ষতা বৃদ্ধি করা। |
| | শিল্প খাতে বিদ্যুতের অদক্ষ ব্যবহার পরিহার করার লক্ষ্যে নিয়মিত এনার্জি অডিট করা এবং সে আলোকে দক্ষ যন্ত্রপাতির ব্যবহার নিশ্চিত করা। |
| সেচ যন্ত্র | সেচ পাম্পসমূহ পিক আওয়ারে না চালিয়ে অফ পিক আওয়ারে (রাত ১১টা হতে পরদিন ভোর ৭টা) চালানো এবং প্রয়োজনীয় ক্ষেত্র ব্যতীত সেচ পাম্প বন্ধ রাখা; |
| | সেচ মৌসুমে বিদ্যুতের সাশ্রয় বা বিদ্যুৎ ব্যবহার হ্রাসের জন্য কৃষি কাজে wet & dry পদ্ধতি প্রয়োগ করা; |
| | সৌর বিদ্যুৎ চালিত সেচ যন্ত্র ব্যবহার। |

১৭/১/২৪

মোঃ শরীফুল ইসলাম
যুগ্মসচিব
বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

CamScanner